# ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি

## সংস্থার কর্ম সম্পাদন সার্বিক চিত্র

## (Overview of the performance of the organization)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

সাম্প্রতিক অর্জন: ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি নভেম্বর ২০০৮ সালে যাত্রা শুরু করে ২০২৪ পর্যন্ত বেসরকারী খাতে মেরিটাইম শিক্ষা ক্ষেত্রে অগ্রনী ভূমিকা পালন করে আসছে। আমাদের প্রতিষ্ঠান হতে এ যাবৎ ১২ টি ক্যাডেট ব্যাচে ৭৬৫ জন ক্যাডেট এবং ৮টি রেটিং ব্যাচে ৩৭৮ জন নাবিক প্রশিক্ষন লাভ করে বিদেশী জাহাজে কর্মরত রয়েছে। বর্তমানে ৮০ জন ক্যাডেট ও ৫০ জন নাবিক প্রশিক্ষনরত রয়েছে। তাছাড়া নৌপরিবহন মন্ত্রনালয়ের অনুমোদিত ১৫ টি স্বল্পমেয়াদি কোর্সে ২০২২সালে ৮৬৩ এবং ২০২৩ সালে ৮৬৭ জন প্রশিক্ষার্থীকে বিভিন্ন স্বল্পমেয়াদি প্রশিক্ষন প্রদান করা হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জ সমূহ:

১) মেধাবী প্রশিক্ষণার্থী না পাওয়া।
২) যুগোপযোগী এবং আধুনিক প্রশিক্ষণ প্রদানের বাধ্যবাধকতা।
৩) আইএমও এর কাঠামো অনুযায়ী যোগ্য অফিসার ও নাবিক তৈরি করা।
৪) সকল প্রশিক্ষণার্থীকেই জাহাজে চাকুরী প্রদানের বাধ্যবাধকতা।
৫) শুধুমাত্র শিক্ষার্থীগনের টিউশন ফি ও ব্যাংক লোনের উপর নির্ভরতার কারনে আর্থিক অসচ্ছলতা।

ভবিষ্যত পরিকল্পনা:

১) আধুনিক ও সময় উপযোগী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে সকল ধরনের যন্ত্রপাতি স্থাপন।
২) আধুনিক সুইমিংপুল তৈরি।
৩) যথোপযোগী খেলার মাঠ তৈরি।
৪) সকল প্রকার ল্যাব আধুনিকায়ন করা।

# সেকশন-১

সংস্থার রূপকল্প (Vision) অভিলক্ষ্য (Mission) কর্মসম্পাদন ক্ষেত্র এবং কার্যাবলী

## ১.১ মান নিয়ন্ত্রণের নীতিমালা

আই.এম.এ একটি সমুদ্র পরিবহন ভিত্তিক পেশাদার প্রতিষ্ঠান কেন্দ্র যা যোগ্য ইঞ্জিন ক্যাডেট, নটিক্যাল ক্যাডেট ও রেটিং প্রশিক্ষণার্থীদের উন্নত ও আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ দিয়ে যাচ্ছে। আমাদের গ্রাহক, নাবিকগনের চাহিদা এবং কর্মীদের সন্তুষ্টির লক্ষ্যে স্থানীয় ও আন্তর্জাতিক আইন কানুন ও বিধিমালার সাথে সমন্বয় রেখেই এই প্রশিক্ষণের মান ও উৎকর্ষ বজায় রাখা হয়।

## ১.২ মান নিয়ন্ত্রণের লক্ষ্য ও উদ্দেশ্য

আই.এম.এ এর লক্ষ এস.টি.সি.ডব্লিউ কনভেনশন অনুযায়ী নৌ পরিবহন অধিদপ্তর এবং আই.এম.ও মডেল কোর্স দ্বারা প্রদত্ত নির্দেশিকা প্রশিক্ষনের মাধ্যমে বিদ্যমান সমুদ্র বিষয়ক প্রশিক্ষণের পাশাপাশি উচ্চতর তাত্ত্বিক জ্ঞান এবং বাস্তব দক্ষতা প্রদান করা, যাতে প্রশিক্ষণার্থীদের জন্য নিরাপদ এবং উন্নত রক্ষনাবেক্ষণকৃত জাহাজ নিশ্চিত করতে এবং একটি পরিচ্ছন্ন সামুদ্রিক পরিবেশ সংরক্ষণ করতে সক্ষম।

উপরোক্ত লক্ষ অর্জন করার জন্য সমস্ত প্রশিক্ষণ নির্দিষ্ট কোর্সের পাঠ্যক্রমকে অন্তর্ভুক্ত করা হয়।

প্রদত্ত প্রশিক্ষণের গুনগত মান একটি ফিডব্যাক পদ্ধতি এবং প্রশিক্ষার্থী মূল্যায়নের মাধ্যমে পরিমাপ করা হবে।

প্রশিক্ষণার্থীরা নিশ্চিত করবে যে প্রশিক্ষণের সময় যে পদ্ধতি অনুসরণ করা হয় তা হল অনুক্রমিক এবং অর্জনযোগ্য।

প্রশিক্ষণের বিষয় বাস্তব কর্মক্ষেত্রের সাথে সম্পর্কিত।

কোর্সের মেয়াদ নির্দিষ্ট সময়কালের মধ্যে সম্পন্ন হবে।

## ১.৩ গ্রাহকদের জন্য

উচ্চমান সম্পন্ন ও যোগ্য সমুদ্রগামী নাবিক যোগান দেয়া এবং গ্রাহকদের কাঙ্খিত লক্ষ্য পূরণে সহায়তা করা।

## ১.৪ কর্মকর্তা-কর্মচারীদের জন্য

নিরাপদ ও মনোরম কর্ম পরিবেশের নিশ্চয়তা প্রদান করা এবং বিশ্বস্ততা ও কর্মপ্রেরণায় উদ্বুদ্ধ করে কর্মজীবন বিকশিত করা। স্বীকৃত ও পেশাদার উন্নয়ন দ্বারা তাদের কর্তব্য ও দায়িত্ব সম্পর্কিত দক্ষতা বজায় রাখা।
উপরোক্ত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য বি.এম.টি.আই / আই,এম,এ নিম্নোক্ত উপায়ে কার্যক্রম পরিচালনা করছে-

- ✓ কাঠামোভিত্তিক মান নিয়ন্ত্রণ পদ্ধতি চালু রাখা।
- ✓ পদ্ধতির আত্নবিকাশ ও পদ্ধতির উন্নয়নের জন্য ক্রমাগত কাজ করে যাওয়া।
- ✓ সহজাত নিষ্ঠা দিয়ে সেবার মান বজায় রাখা।
- ✓ সময়ের সঠিক মূল্যায়ন এবং
- ✓ আই,এম,এ কার্যালয়কে নিরাপদ, পরিচ্ছন্ন ও পর্যাপ্তভাবে সুসজ্জিত রাখা।

## ১.৫ কার্য সম্পাদন ক্ষেত্র:

### ১.৫.১ সংস্থার কার্য সম্পাদনের ক্ষেত্র

১) প্রশিক্ষণার্থীদের আধুনিক ও সময় উপযোগী প্রশিক্ষণ প্রদান

২) আধুনিক ও ডিজিটাল পদ্ধতি সম্বলিত প্রশিক্ষণ উপকরণ সংগ্রহ

৩) ব্যবহারিক ও বাস্তবধর্মী প্রশিক্ষণ প্রদান

৪) প্রশিক্ষণার্থীদের কর্মক্ষেত্র সম্প্রসারণ

৫) সংস্থার সেবা ব্যবস্থাপনা ডিজিটালাইজেশন করা

### ১.৫.২ সুশাসন ও সংস্কারমূলক কার্যসম্পাদনের ক্ষেত্র

১) কর্মকর্তা কর্মচারীগনের মধ্যে সুসম্পর্ক বৃদ্ধি করে সুশাসন ও সংস্কারমূলক কাজ বাস্তবায়ন।

## ১.৬ কার্যাবলী (Function)

১) শ্রেণীকক্ষে যথাপোযোগী পাঠদান

২) শিক্ষার্থীগনের চাহিদা অনুযায়ী পাঠ্য পুস্তক, রেফারেন্স বই ও সরঞ্জামের ব্যবস্থা করা

৩) দূর্বল প্রশিক্ষণার্থীদের জন্য অতিরিক্ত ক্লাস ও পাঠের ব্যবস্থা করা

৪) নৌপরিবহন অধিদপ্তর ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিশ্ববিদ্যালয়ের সাথে যোগাযোগ রক্ষা করে নিয়মিত পরীক্ষা গ্রহনের ব্যবস্থা করা।

৫) বিভিন্ন বিদেশী জাহাজ কোম্পানীর সাথে যোগাযোগ রক্ষা করে প্রশিক্ষণার্থীগনের কর্ম সংস্থানের ব্যবস্থা করা।

সেকশন-২

বিভিন্ন কার্যক্রমের ফলাফল / প্রভাব (Outcome / Impact)

(প্রতিষ্ঠানেরনের কে.পি.আই থেকে নেয়া)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচক সমূহ | একক | প্রকৃত অর্জন (পূর্ব -পূর্ববর্তী বৎসর) ২০২১-২২ | প্রকৃত অর্জন (পূর্ববর্তী বৎসর) ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা চলতি বৎসর ২০২৩-২৪ | প্রেক্ষাপন | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে সংস্থা/কর্মকর্তার নাম | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | পরবর্তী বৎসর ২০২৪-২৫ | তার পরবর্তী বৎসর ২০২৫-২৬ | | |
| প্রশিক্ষণ সামগ্রীর মান মূল্যায়ন | নিধারিত মান অর্জন | সংখ্যা | ৪.৪৮ | ৪.৮৬ | ৩.৭৫-৪.৫০ | ৩.৭৫-৪.৫০ | ৩.৭৫-৪.৫০ | ডেপুটি কমান্ড্যান্ট | প্রতিষ্ঠানেরনের কেপিআই |
| প্রতিষ্ঠানের প্রশিক্ষণ সুবিধার মান | নিধারিত মান অর্জন | সংখ্যা | ৪.৪১ | ৪.৪৫ | ৩.৭৫-৪.৫০ | ৩.৭৫-৪.৫০ | ৩.৭৫-৪.৫০ | ঐ | প্রতিষ্ঠানেরনের কেপিআই |
| প্রশাসনিক সহযোগীতার মান | নিধারিত মান অর্জন | সংখ্যা | ৪.৭৯ | ৪.৭৮ | ৩.৭৫-৪.৫০ | ৩.৭৫-৪.৫০ | ৩.৭৫-৪.৫০ | ঐ | প্রতিষ্ঠানেরনের কেপিআই |
| নটিক্যাল প্রশিক্ষণার্থীগনের পাশের হার | প্রশিক্ষণার্থী কর্তৃক ফলাফল অর্জন | কতকরা হার | ৯২ % | ১০০ % | ৮০-৯৫% | ৩.৭৫-৪.৫০ | ৩.৭৫-৪.৫০ | ঐ | প্রতিষ্ঠানেরনের কেপিআই |
| ইঞ্জিনিয়ারিং প্রশিক্ষণার্থীগনের পাশের হার | প্রশিক্ষণার্থী কর্তৃক ফলাফল অর্জন | কতকরা হার | ৯০% | ৯৫ % | ৮০-৯৫% | ৩.৭৫-৪.৫০ | ৩.৭৫-৪.৫০ | ঐ | প্রতিষ্ঠানেরনের কেপিআই |
| রেটিংগনের সার্বিক পাশের হার | প্রশিক্ষণার্থী কর্তৃক ফলাফল অর্জন | কতকরা হার | ১০০% | ১০০% | ৮০-৯৫% | ৩.৭৫-৪.৫০ | ৩.৭৫-৪.৫০ | ঐ | প্রতিষ্ঠানেরনের কেপিআই |